

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২০.২৫ (বিমা-১৭/২০২৫)- ৪৫০-৬/৩

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২
১০ মার্চ ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব মোছাঃ নাসিমা খাতুন, উপজেলা সমবায় কর্মকর্তা, কেশবপুর, যশোর এর বিরুদ্ধে যথাক্রমে ০৪ (চার) টি অভিযোগ হলো: (১) ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট হতে বিভিন্ন মালামাল ক্রয়, মেরামত ও প্রশিক্ষণের টাকা আত্মসাৎ করেছেন, ভুয়া বিল ভাউচারের মাধ্যমে সম্পূর্ণ টাকা উত্তোলন করে যথাযথভাবে ব্যয় না করে অনিয়ম কছেন; (২) ৩য় ও ৪র্থ শ্রেণির সকল স্টাফ কর্তৃক আনিত আর্থিক অনিয়মের অভিযোগটি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে; (৩) কর্মচারীদের সাথে খারাপ আচরণ করেছেন এবং স্টাফদের কাজে অসহযোগিতা করেছেন; (৪) তাঁর অধীনস্থ কর্মীদের পরিচালনায় দক্ষতার অভাব রয়েছে যা তাঁর অযোগ্যতার প্রমাণ বহন করে, তাঁর কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) মোতাবেক অসদাচরণের পর্যায়ভুক্ত। বর্ণিত ০৪ (চার) টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.১৮.৫২.০৭. (বিমা-১৭/২০২৫)- ৭৬০-এ/ও, তারিখ: ০৭.০৫.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে ১৭/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;


০২। যেহেতু তিনি জনাব মোছাঃ নাসিমা খাতুন ২৩/০৬/২০২৫ তারিখে লিখিত জবাব দাখিল করেন, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নম্বর: ১৩৮৯(৬)-এ/ও, তারিখ: ০৭.১০.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি;

০৩। যেহেতু অভিযুক্তের জবাব, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের ব্যক্তিগত শুনানি এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনা করে বিশ্বাস জন্মেছে যে, অভিযুক্ত কোন অর্থের আত্মসাথে জড়িত নয় এবং তার এবং কৃত কার্যাবলী সরল বিশ্বাসে করেছেন;

০৫। যেহেতু অভিযুক্ত কর্তৃক কৃত কাজ সরল বিশ্বাসে সম্পাদন করা হয়েছে মর্মে প্রতীতি জন্মেছে এবং তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) বিধি মতে অসদাচরণ এর অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু জনাব মোছাঃ নাসিমা খাতুন, উপজেলা সমবায় কর্মকর্তা, কেশবপুর, যশোর -কে সতর্ক অন্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) মোতাবেক মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


১৩/৩/২০২৬
মোঃ ইসমাইল হোসেন
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪. ০২০.২৫জি (বিমা-১৭/২০২৫) ৪৫২/২(৭)-৬/৩ তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২
১০ মার্চ ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
৩. জেলা সমবায় অফিসার, যশোর।
৪. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. উপজেলা সমবায় অফিসার, কেশবপুর, যশোর।
৬. জনাব মোছাঃ নাসিমা খাতুন, উপজেলা সমবায় কর্মকর্তা, কেশবপুর, যশোর।
৭. সংশ্লিষ্ট নথি।



(মোঃ ইসমাইল হোসেন)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫